# গোপালগঞ্জ পৌরসভা কার্যালয়

## গোপালগঞ্জ।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

### নগর সমন্বয় কমিটির (TLCC) বিশেষ সভার কার্যবিবরণী
### (গোপালগঞ্জ পৌরসভার ২০১৮-২০১৯ অর্থ বছরের খসড়া বাজেট পর্যালোচনা)

| | | | |
|---|---|---|---|
| সভার স্থান ঃ পৌর সম্মেলন কক্ষ | সভার তারিখ ঃ ২৭/৫/২০১৮ | সভার সময় ঃ ১১.০০ ঘটিকা | সভার সভাপতি ঃ জনাব কাজী লিয়াকত আলী, মেয়র, গোপালগঞ্জ পৌরসভা। |
| সভার উপস্থিতি ঃ পরিশিষ্ট - 'ক' দ্রষ্টব্য | | | |
| আলোচ্যসূচী - ১ ঃ বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ | | | |
| বিগত সভার কার্যবিবরণী পাঠ | কার্যবিবরণীর সঠিকতা বিষয়ক আলোচনা | প্রয়োজনীয় সংশোধন (যদি থাকে) | সিদ্ধান্ত (নিশ্চিতকরন/অনুমোদন সংশোধনসহ বা ব্যতিত) |
| ১। কার্যবিবরণী পাঠ করেন জনাব কে, জী, এম, মাহামুদ, সচিব, গোপালগঞ্জ পৌরসভা। | গত সভার কার্যবিবরণী সকল সদস্যদের মাঝে বিতরণ করা হয়েছে। উহা পাঠান্তে ও আলোচনান্তে সঠিক পাওয়া গেছে। | কোন সংশোধনীর প্রয়োজন হয় নাই। | সর্বসম্মতক্রমে সংশোধনী ব্যতিত নিশ্চত করন করা হয়। |

আলোচ্যসূচি-১ঃ গোপালগঞ্জ পৌরসভার ২০১৮-২০১৯ অর্থ বছরের খসড়া বাজেট পর্যালোচনা ও পরবর্তী কার্যক্রম সর্ম্পকে সিদ্ধান্ত গ্রহণ

| ক্রমিক নং | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির মাত্রা | পরবর্তী গৃহীত সিদ্ধান্ত সুপারিশসমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নের দায়ীত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা/গ্রুপ | কাজ বাস্তবায়নের নির্ধারিত সময় |
|---|---|---|---|---|---|
| ১ | গোপালগঞ্জ পৌরসভার ২০১৭-২০১৮ অর্থ বছরের সংশোধিত বাজেট ও ২০১৮-২০১৯ অর্থ বছরের সম্ভাব্য খসড়া বাজেট টিএলসিসি এর সভায় উপস্থাপন। | ১০০% | গোপালগঞ্জ পৌরসভার ২০১৭-২০১৮ অর্থ বছরের সংশোধিত বাজেট এবং ২০১৮-২০১৯ অর্থ বছরের খসড়া বাজেট টিএলসিসি এর সভায় উথাপন করা হয়েছে। | হিসাব রক্ষন কর্মকর্তা গোপালগঞ্জ পৌরসভা | ৩০দিন |

আলোচ্যসূচি-২ঃ কমিটির উদ্দেশ্য ও কার্য পরিধির আলোকে আলোচনা ও সিদ্ধান্ত সমুহ

| ক্রমিক নং | পূর্ব নির্ধারিত আলোচ্য সুচি | আলোচনা | সিদ্ধান্ত /সুপারিশ | সিদ্ধান্ত বাস্তবায়নের দায়ীত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা/গ্রুপ | কাজ বাস্তবায়নের নির্ধারিত সময় |
|---|---|---|---|---|---|
| ১ | ২০১৭-২০১৮ অর্থ বছরের খসড়া বাজেট সংক্রান্ত | বাজেট প্রনয়ন কমিটির সদস্য সচিব ও হিসাব রক্ষন কর্মকর্তা, এস এম সাজ্জাদ হোসেন ২০১৮-২০১৯ অর্থ বছরের মুল বাজেটের বিভিন্ন দিক সর্ম্পকে উপস্থাপন করেন। তিনি জানান ২০১৮-২০১৯ অর্থ বছরের খসড়া বাজেটে আয় ধরা হয়েছে ১৩১,২৩,২১,০৯৪/- টাকা এবং ব্যয় ধরা হয়েছে ১৩১,৮৫,৩৯,১১৪/- টাকা। বাজেটে ঘাটতি রয়েছে ৬২,১৮০১৯/- টাকা। সভাপতি মহোদয় উপস্থিত সদস্যদেরকে উক্ত খসড়া বাজেটের বিভিন্ন খাতের বরাদ্দ হ্রাস বৃদ্ধি বিষয়ক মতামত প্রদানের জন্য অনুরোধ করেন। | গোপালগঞ্জ পৌর পরিষদের সভায় ২০১৮-২০১৯ অর্থ বছরের খসড়া বাজেট এর বিভিন্ন খাতের বরাদ্দ হ্রাস বৃদ্ধি বিষয়ক সম্মানীত সদস্যদর মতামত ও সুপারিশ পরবর্তি পৌর পরিষদের সভায় উথাপন করা হবে। | সচিব ও হিসাব রক্ষন কর্মকর্তা গোপালগঞ্জ পৌরসভা | ১৫ দিন |

আলোচ্যসূচি-৩ঃ বিবিধ আলোচনা (যদি থাকে)

| ক্রমিক নং | সদস্যগনকর্তৃক উথাপিত অনির্ধারিত আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত /সুপারিশ | সিদ্ধান্ত বাস্তবায়নের দায়ীত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা/গ্রুপ | কাজ বাস্তবায়নের নির্ধারিত সময় |
|---|---|---|---|---|---|
| ১ | শ্মশান এবং কবরস্থানের উন্নয়ন সংক্রান্ত | পেশাজীবি সংগঠনের প্রতিনিধি জনাব সম্যুয়েল এস বালা সভায় জানান শ্মশান ও কবরস্থানের উন্নয়ন করা আবশ্যক। তিনি উক্ত খাতে বরাদ্দ বাড়নোর বিষয়ে মতামত ব্যক্ত করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | শ্মশান ও কবরস্থানের উন্নয়ন খাতে ১,০০,০০০/- টাকা বরাদ্দ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব ও হিসাব রক্ষন কর্মকর্তা গোপালগঞ্জ পৌরসভা | ১৫ দিন |
| ২ | বৃক্ষ রোপন প্রসঙ্গে | এনজিও প্রতিনিধি ও প্রজেক্ট অফিসার, সিসিডিবি, সুইট বার্ড গাইন সভায় জানান এলাকায় গাছপালা কম থাকায় তাপমাত্রা বৃদ্ধি পাচ্ছে। তিনি আরো জানান তাছাড়া বর্তমানে বজ্রপাতের সংখ্যা অনেকাংশে বৃদ্ধি পাচ্ছে। বজ্রপাত রোধ কল্পে তালগাছ ও খেজুর গাছ লাগানোর মতামত ব্যক্ত করেন। তিনি বৃক্ষ রোপন খাতে বরাদ্দ বাড়নোর বিষয়ে মতামত ব্যক্ত করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা | বৃক্ষ রোপন খাতে বরাদ্দ বৃদ্ধি করে ১,০০,০০০/- টাকার স্থলে ২,০০,০০০/- টাকা করার সিদ্ধান্ত গৃহীতদ হয় যা পৌর পরিষদের সভায় উথাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব ও হিসাব রক্ষন কর্মকর্তা গোপালগঞ্জ পৌরসভা | ১৫ দিন |

| ক্রমিক নং | সদস্যগনকর্তৃক উত্থাপিত অনির্ধারিত আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত /সুপারিশ | সিদ্ধান্ত বাস্তবায়নের দায়ীত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা/গ্রুপ | কাজ বাস্তবায়নের নির্ধারিত সময় |
|---|---|---|---|---|---|
| | | করা হয়। | | | |
| ৩. | ধর্মীয় প্রতিষ্ঠানে ব্যয় বৃদ্ধি করন সংক্রান্ত | জনাব মোঃ আলিমুজ্জামান বিটু, ১ নং ওয়ার্ড কাউন্সিলর সভায় জানান ধর্মীয় প্রতিষ্ঠানের জন্য ব্যয় বৃদ্ধির প্রস্তাব করেন। | ধর্মীয় প্রতিষ্ঠানের খাতে বরাদ্দ বৃদ্ধি করে ২,০০,০০০/- টাকার স্থলে ৫,০০,০০০/- টাকা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব ও হিসাব রক্ষন কর্মকর্তা গোপালগঞ্জ পৌরসভা | ১৫ দিন |
| ৪. | শিক্ষা খাতে বরাদ্দ বৃদ্ধি সংক্রান্ত | এনজিও প্রতিনিধি জনাব মলি বালা সভায় জানান শিক্ষা ও সাংস্কৃতিক খাতে ব্যয় বৃদ্ধির প্রস্তাব করেন। সভাপতি বলেন পৌর প্রাথমিক বিদ্যালয়কে মাধ্যমিক বিদ্যালয়ে রুপান্তর করার প্রক্রিয়া চলমান রয়েছে। তাই এ খাতে ব্যয় বৃদ্ধি করা জরুরী। | উক্ত শিক্ষা ও সাংস্কৃতিক খাতে বরাদ্দ বৃদ্ধি করে ১,৫০,০০০/- টাকার স্থলে ২৫,০০,০০০/- টাকা করার সিদ্ধান্ত গৃহীত হয়।। | সচিব ও হিসাব রক্ষন কর্মকর্তা গোপালগঞ্জ পৌরসভা | ১৫ দিন |
| ৫. | মশক নিধন খাতে ব্যয় বৃদ্ধি | জনাব মরিয়ম আক্তার সভায় জানান, এলাকায় ময়লা আবর্জনা স্তুপ থাকার কারনে প্রচুর মশার উপদ্রব হয়েছে। মশক নিধন খাতে ব্যয় বৃদ্ধি করার প্রস্তাব রাখেন। | উক্ত মশক নিধন খাতে বরাদ্দ বৃদ্ধি করে ৬,৫০,০০০/- টাকার স্থলে ১৫,০০,০০০/- টাকা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব ও হিসাব রক্ষন কর্মকর্তা গোপালগঞ্জ পৌরসভা | ১৫ দিন |
| ৬. | দুর্যোগ মোকাবেলা ও জরুরী ত্রান সংক্রান্ত | দরিদ্র শ্রেনীর প্রতিনিধি জনাব রুনু বেগম সভায় জানান, প্রাকৃতিক দুর্যোগ মোকবেলা করার জন্য দুর্যোগ খাতে ব্যয় বৃদ্ধি করার প্রস্তাব রাখেন। | উক্ত দুর্যোগ মোকাবেলা খাতে বরাদ্দ বৃদ্ধি করে ১,০৬,০০০/- টাকার স্থলে ১০,০০,০০০/- টাকা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব ও হিসাব রক্ষন কর্মকর্তা গোপালগঞ্জ পৌরসভা | ১৫ দিন |
| ৭. | হোল্ডিং ট্যাক্স ও স্থাবর সম্পত্তি হস্তান্তর কর হতে আয় বৃদ্ধি সংক্রান্ত | সভাপতি সাহেব জানান পৌরসভা সম্প্রসারনের কাজ প্রায় শেষ পর্যায়। আগামী জুন মাসের মধ্যে চুড়ান্ত হওয়ার সম্ভবনা রয়েছে। এরিয়া সম্প্রসারন হলে স্থাবর সম্পত্তি হস্তান্তর কর এবং পৌরকর অনেকাংশে বৃদ্ধি পাবে।তিনি এ খাত সমুহে আয় বৃদ্ধি করার প্রস্তাব করেন। | গৃহ ও ভুমির উপর কর ১,৯৬,০৭,৮৮০/- টাকার স্থলে ২,৩১,০৮,৪৮৪/- এবং স্থাবর সম্পত্তি হস্তান্তর কর ১,৭৫,০০,০০০/- টাকার স্থলে ২,৫০,০০,০০০/- টাকা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব ও হিসাব রক্ষন কর্মকর্তা গোপালগঞ্জ পৌরসভা | ১৫ দিন |
| ৮. | কর্মচারীদের প্রশিক্ষন/টিএলসিসি/ডাব্লিউ সি খাতে ব্যয় বৃদ্ধি সংক্রান্ত | নাগরিক সমাজের প্রতিনিধি জনাব মোঃ শাহাজান মোল্লা কর্মচারীদের প্রশিক্ষন/টিএলসিসি/ডাব্লিউ সি খাতে ব্যয় বৃদ্ধি করার প্রস্তাব করেন। | কর্মচারীদের প্রশিক্ষন/টিএলসিসি/ডাব্লিউ সি খাতে ব্যয় ১,০০,০০০/- টাকার স্থলে ১,৫০,০০০/- টাকা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব ও হিসাব রক্ষন কর্মকর্তা গোপালগঞ্জ পৌরসভা | ১৫ দিন |
| ৯. | ইউজিআইআই পি-৩ প্রকল্পের আওতায় উন্নয়ন মুলক কাজের জন্য আয় এবং ব্যয় বৃদ্ধি সংক্রান্ত | নির্বাহী প্রকৌশলী সাহেব ইউজিআইআইপি-৩ প্রকল্প হতে আগামী অর্থ বছরের জন্য ৭০ কোটি টাকা বরাদ্দ পাওয়া যাবে। যা ঐ অর্থ বছরেই ব্যয় করা হবে। তিনি উক্ত খাতে বরাদ্দ বাড়ানোর প্রস্তাব করেন। | ইউজিআইআইপি-৩ প্রকল্প খাতে আয় এবং ব্যয় ৫৪ কোটি টাকার স্থলে ৭০ কোটি টাকা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব ও হিসাব রক্ষন কর্মকর্তা গোপালগঞ্জ পৌরসভা | ১৫ দিন |

এছাড়া অন্যান্য দের মধ্যে বক্তব্য রাখেন কাউন্সিলর, মোহাম্মাদ নাজমুল হাসান, কাউন্সিলর, খাদিজা বেগম, সাংস্কৃতিক সংগঠনের প্রতিনিধি জনাব গাজী মোস্তাফিজুর রহমান,দরিদ্র শ্রেনীর প্রতিনিধি পপি আহম্মেদ ও শিমু বেগম ।

বাজেট বিষয়ে বিস্তারিত আলোচনান্তে আয় ও ব্যয়ের বিভিন্ন খাত হ্রাস বৃদ্ধি করে বাজেটে আয় ধরা হয়েছে ১৫১,২৭,৩১,১৩৮/- টাকা এবং ব্যয় ধরা হয়েয়ে ১৫০,৭০,৬৩,১৪৪/- টাকা এবং উদ্বৃত্ত ধরা হয়েছে ৫৬,৬৮,০২৪/- টাকা ।

পরিশেষে সভাপতি মহোদয় পৌরসভার উন্নয়নে সকলকে সর্বাত্মক সহযোগীতা করার আহবান জানিয়ে এবং উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে গোপালগঞ্জ পৌরসভার ২০১৭-২০১৮ অর্থ বছরের সংশোধিত বাজেট অনুমোদনসহ ২০১৮-২০১৯ অর্থ বছরের জন্য ১৫০,৭০,৬৩,১৪৪/- টাকার বাজেট চুড়ান্ত করার সিদ্ধান্ত গ্রহন করে সভার সমাপ্তি ঘোষনা করেন ।

(কাজী লিয়াকত আলী)
মেয়র
গোপালগঞ্জ পৌরসভা
ও
সভাপতি
নগর সমন্বয় কমিটির (TLCC)

স্মারক নং- গোঃপৌঃ/ ১৮৭২/৬ (৭)

তারিখঃ ২৮/৫/২০১৮

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে ।

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়নও সমবায় মন্ত্রনালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা ।
২. প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প (UGIIP-III) এলজিইডি ভবন লেভেল-১২, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ ।
৩. জনাব/জনাবা .................................................. সম্মানিত সদস্য, TLCC কমিটি, গোপালগঞ্জ পৌরসভা ।
৪. শহর পরিকল্পনাবিদ,গোপালগঞ্জ পৌরসভা । তাকে পিডিপি আপগ্রেড করার জন্য বলা হলো ।
৫. উপ-সহকারী প্রকৌশলী(বিদ্যুৎ),গোপালগঞ্জ পৌরসভা । তাকে টিএলসিসি এর সভার কার্যবিবরনী ওয়েব সাইটে প্রকাশের জন্য বলা হলো ।
৬. হিসাব রক্ষন কর্মকর্তা (ভারপ্রাপ্ত), গোপালগঞ্জ পৌরসভা ।

মেয়র
গোপালগঞ্জ পৌরসভা ।